আমাদের সময়

তারিখ 26 NOV 2015
পৃষ্ঠা ৭ কলাম ২

সংবাদ সম্মেলনে ববির ভিসি

# বরিশাল বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষা ৭ কেন্দ্রে

**বরিশাল প্রতিনিধি** •

বরিশাল বিশ্ববিদ্যালয়ের ২০১৫-১৬ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) প্রথম বর্ষের ভর্তি পরীক্ষা আগামী ২৭ ও ২৮ নভেম্বর অনুষ্ঠিত হবে। বরিশাল নগরীর ৭টি শিক্ষা প্রতিষ্ঠানে ওই ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে বলে জানালেন বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর ড. এসএম ইমামুল হক। গতকাল সন্ধ্যা ৬টায় বিশ্ববিদ্যালয়ের সিটি ক্যাম্পাসে আয়োজিত সংবাদ সম্মেলনে জানানো হয় আগামীকাল ২৭ নভেম্বর প্রথম দিন সকাল ১০টায় 'খ' ইউনিট এবং বিকাল ৩টায় অনুষ্ঠিত হবে 'গ' ইউনিটের ভর্তি পরীক্ষা। ২৮ নভেম্বর দ্বিতীয় দিন সকাল ১০টায় 'ঘ' ইউনিট এবং বিকাল ৩টায় অনুষ্ঠিত হবে 'ক' ইউনিটের ভর্তি পরীক্ষা।

## ১ হাজার ৩০০ আসনের বিপরীতে পরীক্ষার্থী ২৭ হাজার ৫৬৩ জন

বরিশাল বিশ্ববিদ্যালয়ে ৬টি অনুষদের অধীন ১৮টি বিভাগের ১ হাজার ৩০০ আসনের বিপরীতে সর্বমোট ২৭ হাজার ৫৬৩ জন শিক্ষার্থী আবেদন করেছেন। প্রতিটি আসনের জন্য গড়ে প্রায় ২২ জন শিক্ষার্থী প্রতিযোগিতা করবে।

যে ৭ কেন্দ্রে পরীক্ষা নেওয়া হবে সেগুলো হচ্ছে– বরিশাল বিশ্ববিদ্যালয়, স্থায়ী ক্যাম্পাস (কর্ণকাঠি), বরিশাল বিশ্ববিদ্যালয়, সিটি ক্যাম্পাস (জিলা স্কুল সংলগ্ন), সরকারি বরিশাল কলেজ, সরকারি মহিলা কলেজ, সরকারি কমার্শিয়াল কলেজ, অমৃত লাল দে মহাবিদ্যালয়, বরিশাল মডেল স্কুল অ্যান্ড কলেজ।